গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর
(সাধারণ শাখা)
www.pirojpur.gov.bd

পিরোজপুর জেলা প্রশাসকের কার্যালয়ে অক্টোবর-২০১৮ মাসে অনুষ্ঠিত জেলা এনজিও কার্যক্রম বিষয়ক সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ আবু আলী মোঃ সাজ্জাদ হোসেন
জেলা প্রশাসক, পিরোজপুর।

স্থান ঃ শহীদ আব্দুর রাজ্জাক-সাইফ মিজান স্মৃতি সভাকক্ষ।
তারিখ ঃ ৩১.১০.২০১৮
সময় ঃ সকাল: ১০:০০ টা।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট-ক। (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির নির্দেশক্রমে সহকারী কমিশনার, সাধারণ শাখা গত ৩১/১০/২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন আপত্তি না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়িকরণ করা হয়। অতঃপর সভাপতি এনজিওদের কার্যক্রম সম্পর্কে জানানোর অনুরোধ করলে নিম্নোক্ত আলোচনা এবং সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

জেলা প্রতিনিধি ব্র্যাক, পিরোজপুর জানান যে, পিরোজপুর জেলার ০৭ টি উপজেলাতেই ব্র্যাকের কার্যক্রম চলমান। মানবাধিকার ও আইনি সহায়তা, নারীর ক্ষমতায়ন, বাল্যবিবাহ ও মাদকের বিরুদ্ধে প্রচারনায় ব্র্যাক কাজ করছে। গরু, ছাগল বিতরণ করছে হত দরিদ্রদের মাঝে। মাইক্রোফিনান্স কর্মসূচির মাধ্যমে ১৬০৭ জন সদস্যকে ১৬৬৫৪০৫৫/- টাকা এবং বর্গাচাষী উন্নয়ন প্রজেক্টের মাধ্যমে ২৫৮ জন কৃষককে ১৭৭০০০৬৫/-টাকাও ৭০ জন কৃষককে ৪৮৫০৩০০/- টাকা ঋণ দেওয়া হয়। ব্র্যাক ৩য় বারের মত বিশ্বের সেরা উন্নয়ন সংস্থা হিসাবে নির্বাচিত হয়েছে। বিশ্বের সেরা ৫০০টি উন্নয়ন সংস্থার কর্মকান্ড বিশ্লেষণ করে সুইজারল্যান্ডের জেনেভা ভিত্তিক গণমাধ্যমে এই ঘোষণা দেওয়া হয়। ব্র্যাক আগামী বছরে কাউখালী ব্যতিত সকল উপজেলাতে ৪০০০ গরু বিতরণের কার্যক্রম হাতে নিবে।

ডাক দিয়ে যাই সংস্থার নির্বাহী পরিচালক জানান যে, সংস্থা বাংলাদেশের দক্ষিণের পিরোজপুর জেলায় ১৯৮২ সালে প্রতিষ্ঠিত হয়। এটি একটি বেসরকারি, অলাভজনক এবং স্বেচ্ছাসেবী সংস্থা। গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠির মাঝে সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম পরিচালনার মাধ্যমে যাত্রা শুরু করে। সংস্থা বর্তমানে পি,কে, এস, এফ এর সহযোগিতায় বৃহত্তর পরিসরে ক্ষুদ্রঋণ কার্যক্রম বাস্তবায়ন করেছে। তারা ইউনিয়নের প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি,মা-শিশু স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম, খাদ্য নিরাপত্তা,সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মসূচি, শিক্ষা, স্বাস্থ্য,পানি ও পয়ঃনিস্কাশন এবং ভিক্ষুক পুনর্বাসন এর লক্ষ্যে সংস্থা পিকেএসএফ এর সহযোগিতায় সমৃদ্ধি কর্মসূচি বাস্তবায়ন করেছে। সংস্থা অক্সফাম ইন্টারন্যাশনাল এর অর্থায়নে পিরোজপুর জেলার ইন্দুরকানী উপজেলায় ৩০০০ অতি দরিদ্র পরিবারে নিবিড় পর্যবেক্ষণ পূর্বক দক্ষতা বৃদ্ধি, সম্পদ এবং শর্তসাপেক্ষ অর্থ সহায়তার মাধ্যমে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় সক্ষমতা গড়ে তোলার লক্ষ্যে রি-কল ২০২১ প্রকল্প বাস্তবায়ন করছে।

এডিপি ম্যানেজার, পিরোজপুর জানান যে, ওয়ার্ল্ড ভিশন একটি আন্তর্জাতিক ত্রাণ, উন্নয়ন এবং এডভোকেসি সংস্থা। এই সংস্থা শিশু ও তার পরিবার এবং সমাজ থেকে দারিদ্রতা এবং অন্যায্যতা দূর করে শিশুদের জীবনে পরিপুর্ণতা আনয়নের লক্ষ্যে জাতি ধর্ম, বর্ণ, নারী ও পুরুষ কিংবা সক্ষমতা নির্বিশেষে বিশ্বব্যাপী দরিদ্রতম ও সবচেয়ে দুর্দশাগ্রস্ত শিশু এবং সমাজের জন্য সেবা প্রদানে নিবেদিত। এছাড়াও নার্সিং সেবা, বাল্য বিবাহ, যৌতুক প্রতিরোধ ও কৃষি উন্নয়ন, খাদ্য নিরাপত্তা, দুর্যোগ প্রস্তুতি ও প্রশমনসহ জলবায়ু পরিবর্তন ইত্যাদি বিষয়ে কার্যক্রম পরিচালনা করে আসছে।

নির্বাহী পরিচালক, পিরোজপুর গণউন্নয়ন সমিতি (পিজিইউএস) জানান যে, মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ে বিজ্ঞান শিক্ষা উন্নয়ন, প্রাথমিক শিক্ষার গুনগতমান বৃদ্ধি, পারিবারিক নির্যাতন প্রতিরোধ প্রচারাভিযান এবং স্থিতিশীল গ্রামীণ জীবন যাত্রার জন্য প্রচারাভিযান, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা, বাজেট বিকেন্দ্রীকরণসহ কৃষি, শিক্ষা, স্বাস্থ্য মানবাধিকার, নারী ও শিশু অধিকার প্রতিষ্ঠা, তথ্য অধিকার প্রতিষ্ঠা সভা, সেমিনার, মতবিনিময়, কর্মশালা আয়োজনসহ বিভিন্ন দিবস উদযাপন করে আসছে।

রিজিওনাল ম্যানেজার, উদ্দীপন পিরোজপুর জানান যে, উদ্দীপন পিরোজপুর জেলায় ০৭ টি উপজেলায় কাজ করে আসছে। ঋণদান কর্মসূচীর আওতায় প্রকল্প গুলো হচ্ছে, ধান ছাটাই মেশিন ক্রয়, পাওয়ার টিলার ক্রয়, গরু ও ছাগল পালন, ক্ষুদ্র ব্যবসা, ধান চাষ, ভূষি মালের ব্যবসা, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ, অটো রিক্সা ক্রয় ইত্যাদি। এসব খাত সমূহে ঋণ প্রদান করা হয়েছে এবং ঋণ আদায়ের হার ৯৯.৬২%। মোট সদস্য সংখ্যা ২৮,১৩০ জন এর মধ্যে পুরুষ ৭,৬৩০ জন, মহিলা ২০,৫০০ জন। পিরোজপুর ট্রেইনিং সেন্টারে বাংলাদেশ ব্যাংক এর তত্ত্বাবধানে উদ্দীপন কর্তৃক ইন্দুরকানী পাড়েরহাট শাখায় শিক্ষা কার্যক্রম, স্যানিটেশন, স্বাস্থ্য, পুষ্টি ও অবকাঠামো উন্নয়ন অব্যাহত রয়েছে। পাড়েরহাট এবং পত্তাশী ইউনিয়নে ২০০ জনকে বয়স্ক ভাতা দেওয়া হয়েছে। (৬০০/- প্রতি জনকে প্রতিমাসে দিয়ে

থাকেন)। ভিক্ষুক পুনর্বাসনে প্রতি জনকে ১ লক্ষ টাকা করে প্রদান করা হয়। অসুস্থ অসহায় বৃদ্ধাকে প্রতিমাসে ৪০০০/- টাকা অনুদান দেওয়া হচ্ছে। উদ্দীপনের মাধ্যমে পিরোজপুর অঞ্চলের সাতটি শাখায় মানি ট্রান্সফার কার্যক্রম অব্যাহত রয়েছে।

ম্যানেজার, মুসলিম এইড জানান যে, মুসলিম এইড বাংলাদেশ শিক্ষা প্রকল্পের মাধ্যমে অত্র জেলার বিভিন্ন উপজেলার ৭৬ জন ইয়াতিম, দরিদ্র মেধাবি ছাত্র-ছাত্রীকে প্রতি মাসে ২,০২০/- করে মোট ১,৫৩,৫২০/- টাকা শিক্ষা বৃত্তি প্রদান চলমান। স্বাস্থ্যসেবা ও,পি,ডি সার্ভিস, নেবুলাইজার ও অক্সিজেন ১ হেলথ ক্যাম্প, ২টি ফ্যামিলি হেলথ কার্ড, ২টি এবং ১৮৪ জনকে বিনামূল্যে ঔষধ ও হাইজন সামগ্রী বিতরন করা হয়। মাইক্রো ফাইনান্স প্রোগ্রামের সাপ্তাহিক উঠান বৈঠকের মাধ্যমে সদস্যদের মধ্যে উল্লেখযোগ্য আলোচনা। দূর্যোগকালীন পূর্ব ও পরবর্তী প্রস্তুতি গ্রহন ও সচেতনতা বৃদ্ধি, বৃক্ষরোপন ও পরিচর্যায় উদ্বুদ্ধকরন, পানিবাহিত রোগ সম্পর্কে সচেতনতা, মাদকের কুফল, বাল্যবিবাহের কুফল ও তাহা রোধে সংশ্লিষ্ট প্রশাসনকে সহযোগিতা সহ নারীর ক্ষমতায়ন ও সহিংসতা বন্ধ করা, হতদরিদ্রদের মাঝে ক্ষুদ্র বিনিয়োগ প্রকল্পে হতদরিদ্র জনগোষ্ঠিকে স্বাবলম্বীর উদ্দেশ্যে কাজ করে যাচ্ছে। এ ছাড়াও মুসলিম এইড বাংলাদেশ সরকারের বিভিন্ন দিবস সম্পর্কে আলোচনা ও সরকারকে সহযোগিতা করে আসছে।

সকলের জন্য কল্যাণ এর পক্ষ থেকে জানানো হয় যে, তারা মাইক্রো ক্রেডিট নিয়ে কাজ করে, দুঃস্থ মহিলাদের দক্ষতামূলক ও আয় বৃদ্ধি মূলক প্রশিক্ষণ প্রদান এবং তাদের কাজ থেকে সঞ্চয় সংগ্রহ করা। বিনামূল্যে গভীর নলকূপ বিতরণ ও স্থাপন। ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচি, শিক্ষা জরিপ, শিক্ষা উপকরন বিতরণ, স্কুল স্থাপন প্রভৃতি কার্যক্রম পরিচালনা করে।

মেরী স্টোপস এর পক্ষ থেকে জানানো হয় যে, পরিবার পরিকল্পনা সেবা প্রজনন স্বাস্থ্যসেবা, গর্ভবতী ও গর্ভ পরবর্তী স্বাস্থ্যসেবা, শিশু স্বাস্থ্যসেবা, সাধারণ স্বাস্থ্যসেবা এবং বিভিন্ন প্রকার ভ্যাকসিন কার্যক্রম সহ কিশোর কিশোরীদের মাঝে স্বাস্থ্য সচেতনতা মূলক কার্যক্রম পরিচালনা করা হয়ে থাকে।

রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক) এর পক্ষ থেকে জানানো হয় যে, সি,এল,এস প্রকল্প কার্যক্রম- পিরোজপুর সদর, নাজিরপুর, জিয়ানগর ও মঠবাড়ীয়া উপজেলায় চলমান। প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় পিরোজপুর সদর উপজেলার সাতটি ইউনিয়নে সার্ভে ওয়ার্ড ও গ্রাম কমিটি গঠনের কার্যক্রম চলমান । পিরোজপুর সদর, নাজিরপুর, বৈঠাকাঠা, সুটিয়াকাঠী, ইন্দুরকানী, মঠবাড়ীয়া , ধানীসাফা ও ইশড়ী শাখায় ৫০ জনকে মাচা পদ্ধতিতে ছাগল পালন ২ দিনের প্রশিক্ষণ দেয়া হয়। এ ছাড়াও ৬ জন ভিক্ষুককে পুনর্বাসন করেছে।

আশা এর পক্ষ থেকে জানানো হয় যে, পিরোজপুর জেলায় ১১ টি ব্রাঞ্চের আওতায় ১৬৫ টি শিক্ষা কেন্দ্রের মাধ্যমে অস্বচ্ছল পরিবারের শিশুদের ঝরে পড়া রোধে প্রাথমিক শিক্ষা শক্তিশালীকরণ কার্যক্রম পরিচালনা করছে। এর পাশাপাশি নিয়মিত কর্মসূচি যেমন ক্ষুদ্র ঋণ, মাসিক স্বাস্থ্য সচেতনতা, স্যানিটেশন ও সদস্যদের স্বাস্থ্য সহায়তা প্রদান করা হয়।

নির্বাহী পরিচালক পিপলস্ ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (পিডিএফ) জানান মানবাধিকার সুরক্ষা, সুশাসন, জলবায়ু পরিবর্তন, শিক্ষা কার্যক্রম, স্যানিটেশন, স্বাস্থ্য, পুষ্টি ও অবকাঠামো উন্নয়ন অব্যাহত রয়েছে।

আত্মসাহায্য কর্মসূচী (SHP) জানান যে, ভিজিডি প্রকল্প, নাজিরপুর,কাউখালী, ল্যাকটেটিং ভাতা প্রকল্প, মঠবাড়িয়া প্রাইমারি হেল্থকেয়ার প্রকল্প, কম্পিউটার প্রশিক্ষণ, হস্তশিল্প, সেলাই প্রকল্প, প্রতিবন্ধী আবাসন পুনর্বাসন প্রকল্প, চলমান।

সভাপতি ভরসা নাজিরপুর, পিরোজপুর জানান যে, ভরসা একটি স্বেচ্ছাসেবী সেবামূলক প্রতিষ্ঠান। অত্র প্রতিষ্ঠান নাজিরপুর উপজেলার স্থানীয় শিক্ষিত ও বেকার যুবকদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন প্রকার প্রশিক্ষণ দেয়া হয়। যেমন- মৎস্যচাষ হাঁস-মুরগী পালন, সেলাই প্রশিক্ষণ, নকশীকাঁথা, ব্লক-বাটিক, নার্সারী সহ বিভিন্ন প্রকার যুব প্রশিক্ষণ দেওয়া হয়। তাছাড়া ভরসা নিজস্ব অর্থায়নে ২টি প্রি-প্রাইমারী শিক্ষা কেন্দ্র পরিচালনা করে। তাছাড়া বাল্যবিবাহ প্রতিরোধ, নারী নির্যাতন ও যৌতুকের বিরুদ্ধে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ সহ সরকারি বিভিন্ন জাতীয় দিবস পালন করে থাকে।

FHI একটি আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী এবং গবেষনা মূলক সংস্থা। FHI USAID এর মাল্টি সেক্টরাল নিউট্রিশন প্রজেক্ট বাংলাদেশের ৬টি জেলা যথাক্রমে চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, কুষ্টিয়া, যশোর, বরিশাল এবং পিরোজপুর এ কাজ করছে। FHI USAID এর মাল্টি সেক্টরাল প্রজেক্ট এর মাধ্যমে জেলার দরিদ্র এবং অতিদরিদ্র পর্যায়ের গর্ভবতী ও দুই বছরের নিচের শিশুদের পুষ্টির তথ্যসমূহ চর্চায় উৎসাহিত করানো। এই কার্যক্রমগুলো বাস্তবায়নের মাধ্যমে জেলার পুষ্টির অবস্থার উন্নয়নে FHI মাল্টি সেক্টরাল নিউট্রিশন প্রজেক্ট গুরুত্বপূর্ন ভূমিকা পালন করবে।

নির্বাহী পরিচালক উত্তরায়ন যুব সংঘ জানান যে, পিরোজপুর জেলার মঠবাড়িয়া ও ইন্দুরকানী উপজেলায় দরিদ্র মা এর মাতৃত্বকালীন ভাতা দিচ্ছে ও পিরোজপুর সদর উপজেলায় ধূমপান ও তামাক বিরোধী কার্যক্রম পরিচালনা করছে।

| ক্র: নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১ | এনজিও সমন্বয় সভার নোটিশ ও রেজুলেশন ওয়েব পোর্টাল এর মাধ্যমে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা (সাধারণ শাখা)/এসি আইসিটি |
| ২ | নিয়মিত এনজিও পোর্টাল আপডেট করার সিদ্ধান্ত গৃহীত হয় । | এনজিও সকল |
| ৩ | দুর্যোগ মোকাবেলায় সকল এনজিওকে একযোগে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | এনজিও সকল |
| ৪ | প্রতি মাসের দশ তারিখের মধ্যে এনজিওদের মাসিক কর্মকান্ডের প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | এনজিও সকল/ ভারপ্রাপ্ত কর্মকর্তা |
| ৫ | প্রত্যয়নের পূর্বে সকল এনজিওকে বাৎসরিক আয়-ব্যয়ের হিসাব বিবরণী দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | এনজিও সকল |
| ৬ | এনজিওদের যৌথ একাউন্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়। | এনজিও সকল |
| ৭ | সরকার কর্তৃক এনজিও সংক্রান্ত সকল নির্দেশনা সঠিকভাবে অনুসরণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | এনজিও সকল |
| ৮ | সকল এনজিও কে গ্রুপ মেইল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার |
| ৯ | পিরোজপুর সদর উপজেলা ভিক্ষুকমুক্ত করার তালিকা এবং ছিন্নমূল দরিদ্র ও ভাসমানদের তালিকা সংগ্রহ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | এনজিও সকল |
| ১০ | এনজিওদের হালনাগাদ তালিকা ও অফিসিয়াল মোবাইল নম্বর দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা (সাধারণ শাখা) |
| ১১ | পিরোজপুর জেলার সকল এনজিওদের কার্যক্রম নিয়ে একটি বার্ষিক প্রতিবেদন প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়। এ জন্য নিম্নরুপে কমিটি গঠিত হয়।<br><br>'বার্ষিক প্রতিবেদন বিষয়ক উপ-কমিটি'<br><br>জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), পিরোজপুর -আহবায়ক<br>জনাব মফিজুর রহমান, সহকারী কমিশনার, সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর -সদস্য<br>জনাব মোঃ রফিকুল ইসলাম পান্না নির্বাহী পরিচালক, পিপলস্ ডেভেলপমেন্ট ফাউন্ডেশন -সদস্য<br>জনাব হাফিজুর রহমান, অঞ্চলিক ব্যবস্থাপক, ব্র্যাক -সদস্য<br>জনাব হাসনেয়ারা হক, নির্বাহী পরিচালক,আত্মসাহায্য কর্মসূচী -সদস্য<br>জনাব নিয়াজ ফেরদৌস সজিব, নির্বাহী পরিচালক, উত্তরায়ন -সদস্য<br>সুকুমার চন্দ্র মিত্র, ডি,এফ, ব্রিটিশ কাউন্সিল -সদস্য<br>জনাব ফেরদৌসি আক্তার, টেকনিক্যাল কো অর্ডিনেটর এফ, এইচ, আই-৩৬০ -সদস্য<br>জনাব মোঃ আসাদ আব্দুল্লাহ্, সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর -সদস্য<br>জনাব জিয়াউল হাসান, নির্বাহী পরিচালক, পিরোজপুর গণউন্নয়ন সমিতি - সদস্য-সচিব | 'বার্ষিক প্রতিবেদন প্রকাশনা বিষয়ক উপ-কমিটি' |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(আবু আলী মোঃ সাজ্জাদ হোসেন)
জেলা প্রশাসক, পিরোজপুর।
পিরোজপুর।
ফোন ঃ ০৪৬১-৬২৪০০
dcpirojpur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.১০.৭৯০০.০০৮.০৬.০০৯.১৮ - ৮৭৫ তারিখঃ ০৫/১১/২০১৮

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

২। ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, এ/২, সেকশন-১৪, মিরপুর, ঢাকা।

৩। পুলিশ সুপার, পিরোজপুর।

৪। সিভিল সার্জন, পিরোজপুর।

৫। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/ শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, পিরোজপুর

৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল),............................................., পিরোজপুর।

৭। উপ-পরিচালক, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, ৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেশাঁপ্লাজা (৭ম তলা), বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭।

৮। উপ-পরিচালক, গৃহায়ণ তহবিল ফান্ড ম্যানেজমেন্ট ইউনিট, বাংলাদেশ ব্যাংক ১ম সংলগ্নী ভবন (৭ম তলা), ঢাকা।

৯। অফিস কপি ।

০৫/১১/১৮

সহকারী কমিশনার  
ও  
সদস্য সচিব  
জেলা এনজিও কমিটি  
পিরোজপুর।

০৫/১১/১৮